




স্মারক নং: ৩৬.০৫.০০০০.১০৫.১১.০০১.২৪- ৩৪২

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
০৬ মে ২০২৬ খ্রিস্টাব্দ

## স্বাস্থ্য পরীক্ষার নোটিশ

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিএসটিআই'র ৯ম গ্রেডের ৪ (চার) টি ক্যাটাগরির পদে অপেক্ষমান তালিকা হতে নিয়োগের জন্য সুপারিশকৃত ৭ (সাত) জন প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকায় অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে প্রার্থীগণ নিয়োক্ত প্রস্তুতি সহকারে মেডিকেল বোর্ডে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো:

- ১) স্বাস্থ্য পরীক্ষার ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা অন-লাইন ট্রেজারী চালানের (১৪৪১২৯৯) মাধ্যমে বাংলাদেশ ব্যাংক /সোনালী ব্যাংক লি. বা যে কোন রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকায় জমা দিয়ে তার মূল ট্রেজারী চালানের কপিসহ উপস্থিত হতে হবে।
- ২) যে তারিখে মেডিকেল বোর্ড অনুষ্ঠিত হবে সে তারিখের অব্যবহিত পূর্বের ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নিম্নবর্ণিত স্বাস্থ্য পরীক্ষাসমূহ এক বা একাধিক সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান হতে করতে হবে এবং পরীক্ষাসমূহের রিপোর্ট নূন্যতম মেডিকেল অফিসার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।  
(i) CBC (ii) FBS/RBS (iii) Urine R/E, (iv) HBsAg, (v) VDRL, (vi) HIV, (vii) CXR(P/A view), (viii) Blood group & Rh type, (ix) Ophthalmological test, (x) ECG, (xi) Urine for Dope test.
- ৩) ছবিযুক্ত মৌখিক পরীক্ষার প্রবেশপত্রের রঙিন কপি সঙ্গে আনতে হবে।

  
(মোঃ মেহেদী হাসান বিশ্বাস)  
উপপরিচালক (প্রশাসন-১)

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)।

১. পরিচালক, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন) ও সদস্য, বিএসটিআই সিলেকশন বোর্ড, ঢাকা।
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, বিএসটিআই, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. পি এ টু মহাপরিচালক [মহাপরিচালক (সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]।